

‘হিজাব’ স্লোগানে মুখরিত জাবি সিনেট ভবন


ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১৪ সেপ্টেম্বর ২০২৫, ০৯:১৯



৩৩ বছর পর অনুষ্ঠিত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনে ফল ঘোষণার সময় ব্যতিক্রমী দৃশ্য দেখা গেছে। শনিবার সন্ধ্যা সোয়া ৭টার দিকে সিনেট ভবনে প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক মো. মনিরুজ্জামান বিজয়ীদের নাম ঘোষণা শুরু করেন। এ সময় এজিএস (নারী) পদে বিজয়ী আয়েশা সিদ্দিকা

মেঘলার নাম ঘোষণা করা মাত্র 'হিজাব' স্লোগানে মুখরিত হয়ে ওঠে পুরো সিনেট ভবন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

ইসলামী ছাত্রশিবির-সমর্থিত প্যানেলের প্রার্থী মেঘলা ৩ হাজার ৪০২ ভোট পেয়ে এজিএস (নারী) পদে জয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী শিক্ষার্থী ঐক্য ফোরামের মালিহা নামলাহ পান ১ হাজার ৮৩৬ ভোট এবং ছাত্রদলের আঞ্জুমান আরা ইকরা পান ৭৬৪ ভোট।

এবারের ডাকসু নির্বাচনে ইসলামী ছাত্রশিবির-সমর্থিত 'সমন্বিত শিক্ষার্থী জোট' সংখ্যাগরিষ্ঠ পদে জয় লাভ করেছে। তারা সাধারণ সম্পাদক (জিএস) এবং দুই যুগ্ম সাধারণ সম্পাদক (এজিএস) সহ মোট ২০টি পদে বিজয়ী হয়েছে। এ ছাড়া স্বতন্ত্র প্রার্থীদের প্যানেল থেকে সহসভাপতি (ভিপি) পদে জয় আসে। বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদ (বাগছাস)-সমর্থিত প্রার্থীরা দুটি পদে এবং আরও দুটি পদে স্বতন্ত্র প্রার্থীরা বিজয়ী হয়েছেন।

গত ১১ সেপ্টেম্বর ডাকসুর ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। এরপর ৪৪ ঘণ্টা পর শনিবার সন্ধ্যায় ফল ঘোষণা করা হয়।

এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের ফল ঘোষণার সময়ও একই ধরনের ঘটনা ঘটেছিল। গত ১০ সেপ্টেম্বর ডাকসুর সহসভাপতি (সভাপতি) পদে ইসলামী ছাত্রশিবির সমর্থিত প্রার্থী সাবিকুন নাহার তামান্নার বিজয়ের ঘোষণা আসতেই উপস্থিত সমর্থকেরা একযোগে 'হিজাব হিজাব' স্লোগান তোলেন। তামান্না ওই পদে ১০ হাজার ৮৪ ভোট পেয়ে জয়ী হয়েছিলেন, যা শিবির সমর্থিত প্রার্থীদের মধ্যে সর্বোচ্চ ভোট।

তখন প্যানেল ঘোষণার পরপরই হিজাব পরিহিত তামান্নার একটি ছবি বিকৃত করে ছড়িয়ে দেওয়া হয়। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের বহুতর ছাত্রসমাজে ব্যাপক পতিক্রিয়া সৃষ্টি করেছিল। ধারণা করা হচ্ছে, সেই ঘটনার প্রতিক্রিয়াতেই ডাকসুর ফল ঘোষণার সময় সমর্থক